

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: বঙ্গাব্দ/..... খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং -আইন/২০১৯।- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০, ধারা ৬গ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।- (১) এই বিধিমালা ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই বিধিমালা তপশিল-১ এ বর্ণিত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদন, বিপণন, ক্রয়, বিক্রয়, আমদানি, রপ্তানি, মজুদ, গবেষণাগারে গবেষণার জন্য মজুদ, পরিত্যাজন, মেরামত, প্রক্রিয়াজাতকরণ এবং পরিবহন বা এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রমের সহিত জড়িত ব্যক্তিগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার কোনো কিছুই পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সালের ১৯ নং আইন) দ্বারা নিয়ন্ত্রিত তেজস্ক্রিয় বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।- বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) “অধিদপ্তর” অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;

(২) “আইন” অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);

(৩) “ইলেকট্রিক্যাল পণ্য” বা “ইলেকট্রনিক পণ্য” অর্থ তপশিল-১ এ বর্ণিত এমন পণ্য যাহার উৎপাদন, হস্তান্তর এবং পরিমাপ সংক্রান্ত কার্যকলাপ বিদ্যুৎ শক্তি এবং বিদ্যুৎ চৌম্বকক্ষেত্রের উপর নির্ভরশীল;

(৪) “ই-বর্জ্য” অর্থ তপশিল-১ এ বর্ণিত কোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক সামগ্রী যাহার অর্থনৈতিক জীবন শেষ হইয়া গিয়াছে অথবা ব্যবহারকারীর কাছে যাহার প্রয়োজন বা উপযোগিতা শেষ হইয়া গিয়াছে অথবা যাহা উৎপাদন প্রক্রিয়ায় বাদ পড়িয়াছে বা অপ্রয়োজনীয় বিবেচনায় ফেলিয়া দেয়া হয়;

(৫) “ই-বর্জ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা” অর্থ ই-বর্জ্য সংগ্রহ, পরিবহন, পুনঃপ্রক্রিয়াজাতকরণ, পুনঃব্যবহার এবং পরিত্যাজন বা ধ্বংসকরণের সমন্বিত প্রক্রিয়া যাহা পরিবেশ এবং জনস্বাস্থ্যকে ই-বর্জ্যের বিরূপ প্রভাব হইতে রক্ষা করে;

(৬) “চূর্ণকারী (dismantler)” অর্থ কোনো ব্যক্তি যিনি পরিত্যক্ত বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা ইহার অংশবিশেষ ভাঙার কাজে নিয়োজিত;

(৭) “তপশিল” অর্থ এই বিধিমালার কোনো তপশিল;